

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

দশম শ্রেণিঃ বাংলা

মূল্যায়ন উত্তরপত্র - ১

১.

১.১. (ঘ) দিনগুলি রাতগুলি।

১.২. (গ) কাছে দূরে।

১.৩. (ক) চিলি।

১.৪. (গ) হাজার বছর।

১.৫. (ঘ) কারেকশনের কথা।

১.৬. (ক) আষ্টেকের।

১.৭. (খ) একশো এক টাকা।

১.৮. (গ) লিচুবাগানে।

১.৯. (গ) উহকর্তা।

১.১০. (ঘ) গৌণকর্ম।

১.১১. (ক) যন্ত্রাঙ্ক করণ।

১.১২. (গ) তারতম্যবাচক।

১.১৩. (ঘ) হাতের আঙুল।

১.১৪. (খ) Vocative case.

১.১৫. (গ) এর।

২.

২.১. আধুনিক কবি শঙ্খ ঘোষের ছদ্মনাম - কুস্তক।

- ২.২. কাব্যবর্ণনানুযায়ী কবির স্মৃতিবিজড়িত মিষ্টি বাড়ি, বারান্দা, ছড়ানো করতলের মতো পাতাওয়ালা গোলাপি গাছ, চিমনি, প্রাচীন জলতরঙ্গ সব চূর্ণ হয়ে যায়, আগুনে পুড়ে ছাই হয়ে যায়।
- ২.৩. 'সন্ধ্যাতারা' পত্রিকার সূচিপত্রে লেখা ছিল - প্রথমদিন (গল্প) শ্রীতপনকুমার রায়।
- ২.৪. 'বহুরূপী' গল্পের এই চারটি চরিত্র হল - গল্পকথক, অনাদি, ভবতোষ ও হরিদা।
- ২.৫. বাক্যস্থিত সমাপিকা ক্রিয়াপদের সঙ্গে অর্থসম্পর্কহীন বাক্যমধ্যস্থ পদগুলোকেই উপকারক বা অকারক বলা হয়।

উদাঃ সম্বন্ধ পদঃ বাড়ির খাতায় লিখবে না।

সম্বোধন পদঃ ওহে! উদাহরণ দিয়েছো?

২.৬. পূর্ণবাক্যে সমধাতুজ করণ প্রয়োগঃ মায়ার বাঁধনে বেঁধেছো।

২.৭. বাংলাভাষায় কারক নির্ণয়ে - এ, কে, রে, তে যথার্থ বিভক্তি বলে পরিচিত।

২.৮. তপনের - চিহ্নিত পদটি সম্বন্ধ পদ এবং 'এর' বিভক্তি যুক্ত।

২.৯. শীতকালে পাহাড়ে বরফ পড়ে। - ব্যাপ্ত কালাদিকরণ।

৩.

৩.১. প্রসিদ্ধ কথাসাহিত্যিক আশাপূর্ণা দেবীর 'জ্ঞানচক্ষু' গল্পের কিশোর নায়ক তপন। বন্ধুপ্রতিম ছোটোমাসির বিয়ে উপলক্ষে মামার বাড়িতে এসে বিবাহসূত্রেই নতুন মেসোর সঙ্গে তার পরিচয় ঘটে। সে জানতে পারে নতুন মেসো একজন স্বনামধন্য লেখক। অনেক বই ছাপা হয়েছে তার। জলজ্যান্ত একজন লেখককে এতো কাছ থেকে কখনও দেখেনি তপন। তদুপরি তার কল্পনাপ্রবণ শিশুমনে ধারণা ছিল লেখকরা সাধারণ মানুষ নন।

লেখক আকাশ থেকে পড়া জীব নয়, বাবা, ছোটোমামা, মেজোকাকুদের মতো রক্তমাংসের মানুষ একথা উপলক্ষিতেই তপনের 'জ্ঞানচক্ষু' খুলে যায়।

৩.২. স্বনামখ্যাত সাহিত্যিক সুবোধ ঘোষের 'বহুরূপী' পাঠ্য গল্পটিতে এ মন্তব্যের বক্তা বাসের ড্রাইভার কাশীনাথ।

* গল্পের প্রধান চরিত্র হরিদার জীবনের পেশা বহুরূপ ধারণ। তাতেই তিনি তাঁর অনসংস্থানের প্রচেষ্টা করেন। সে উদ্দেশ্যে একদিন উন্মাদরূপে সাজেন। গল্পবর্ণনায় একদিন চকের বাসস্ট্যাণ্ডে দুপুরবেলা আতঙ্কের হল্লা বেজে ওঠে। কোমরে ছেঁড়া কম্বল জড়ানো, গলায় টিন কৌটোর মালা পরা এক উন্মাদ পাগল থান হুঁট নিয়ে বাসের উপরে বসা যাত্রীদের দিকে তেড়ে যাচ্ছে। তার মুখ থেকে ঝরছে লালা, চোখদুটো কটকটে লাল। তাকে দেখেই যাত্রীরা চোঁচাচ্ছে ভয়ে - আতঙ্কে, দুটো একটা পয়সাও দিচ্ছে। ছদ্মবেশী হরিদাকে চিনতে পেরে কাশীনাথ প্রশ্নপ্রদত্ত মন্তব্যটি করেছিল।

৩.৩. আধুনিক কবি শঙ্খ ঘোষের লেখা 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতায় বিপন্ন মানবতাকে অবক্ষয় থেকে রক্ষা করতে কবি এই আহ্বান জানিয়েছেন।

পুঁজিবাদী, সাম্রাজ্যবাদীদের আগ্রাসনে বিশ্বমানবতা আজ বিপন্ন। জনমানুষের অগ্রগতি, প্রগতির পথ মৃত্যুপথে রূপান্তরিত। মানুষ আশ্রয় হারিয়েছে। ছিন্ন হয়েছে স্বাভাবিক সম্পর্ক। বিপন্ন হয়েছে ভবিষ্যৎ। সারাবিশ্ব জুড়ে আজ মরণ রাগিনী ধ্বনিত। এতো ধ্বংস, এতো ক্ষয়ের মুখোমুখি দাঁড়িয়েও মানবতাবাদী কবি রাত্রির গভীর

বৃন্ত থেকে ফুটন্ত সকাল ছিঁড়ে আনতে উদ্যোগী। 'তবু' অর্থাৎ তা সত্ত্বেও অর্থাৎ এতো ভয়াবহতা সত্ত্বেও মানবতা বেঁচে আছে কিছু মানুষের হৃদয়ে। তাই আশাও অমলিন হয়ে আছে।

৩.৪. সমাজতান্ত্রিক চেতনায় উদ্দীপ্ত কবি পাবলো নেরুদা তাঁর 'অসুখী একজন' কবিতায় স্বদেশের যুদ্ধ বিপর্যস্ত ছবি তুলে ধরেছেন। যুদ্ধের ভয়াল চিত্র আঁকতে গিয়েই তিনি "বাড়ি খুন" উপমাটি ব্যবহার করেছেন।

'বাড়ি' মানুষের আশ্রয়, ঠিকানা এবং পরিবারের প্রতীক। যুদ্ধ মানুষকে গৃহহীন, উদ্বাস্ত করে, পরিবার ছিন্নভিন্ন করে দেয়। 'খুন' অর্থাৎ অস্বাভাবিক মৃত্যু। যুদ্ধের ফলে মৃত্যু ঘটাকে তাই খুন হওয়া বলেছেন কবি।

৪. 'ডায়েরি অফ এ জিনিয়াস' গ্রন্থটি সালভাদোর দালির আত্মজীবনী। 'ডায়েরি অফ আ জিনিয়াস' গ্রন্থে ১৯৫২- ১৯৬৩ পর্যন্ত তাঁর জীবন ও অন্তর্ভুক্ত জীবনের বর্ণনা পাই। এই বইটি প্রমাণ করে একজন প্রতিভাবানের প্রাত্যহিক জীবন অতি অবশ্যই ভিন্নরকমের।

SRATI